তারিখ ... 19 APR 2017 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক
আমাদের সময়

# কওমি সনদের স্বীকৃতি বাতিলের দাবিতে চট্টগ্রামে বিক্ষোভ

চট্টগ্রাম ব্যুরো ●

কওমি সনদের সরকারি স্বীকৃতি বাতিল ও আলিয়া মাদ্রাসা সংকোচন নীতির প্রতিবাদে মানববন্ধন, বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে আহলে সুন্নাত ওয়াল জামা'আত সমন্বয় কমিটি। গতকাল মঙ্গলবার চট্টগ্রাম প্রেসক্লাবের সামনে এ মানববন্ধনের আয়োজন করা হয়।

মানববন্ধনে বক্তারা বলেন, যাচাই না করেই কওমিদের দাওরায়ে হাদিসকে মাস্টার্সের মান দিয়েছেন প্রধানমন্ত্রী। এটি একটি আত্মঘাতী সিদ্ধান্ত। এতে আমরা বিস্মিত হয়েছি। হেফাজতের সঙ্গে রাজনৈতিক আঁতাত করে দেশের ইসলাম ও মুসলমানদের সংঘাতের দিকে ঠেলে দিচ্ছে সরকার। হেফাজতের পাশবিক শক্তিকে মূল্যায়ন করতে গিয়ে অবিবেচনা প্রসূত কোনো নিয়ন্ত্রণ ও সংস্কার ছাড়াই বিনা শর্তে তাদের সনদকে মাস্টার্সের মান দেওয়া হয়েছে। সরকারের এই নীতি ১৭ বছর কঠিন শিক্ষাজীবন ও কয়েকটি

এরপর পৃষ্ঠা ৬, কলাম ৪

## কওমি সনদের স্বীকৃতি

(শেষ পৃষ্ঠার পর) পাবলিক পরীক্ষা দিয়ে উত্তীর্ণ হওয়া সাধারণ ও আলিয়া মাদ্রাসার শিক্ষার্থীদের জন্য অপমানজনক। সরকার একদিকে আলিয়া মাদ্রাসার সিলেবাস পরিবর্তন করে সাধারণ শিক্ষায় রূপান্তর করছে। অন্যদিকে কওমিদের সিলেবাসে কোনো প্রকার হস্তক্ষেপ ছাড়াই সর্বোচ্চ মান দিচ্ছে। এ রকম হলে শিক্ষার্থীরা সহজে সনদ লাভের আশায় আলিয়া মাদ্রাসার পরিবর্তে কওমি মাদ্রাসার দিকে ধাবিত হবে। অবিলম্বে এই সিদ্ধান্ত বাতিল করে আলিয়া-কওমি মাদ্রাসা একই শিক্ষানীতি ও তত্ত্বাবধানে আনার দাবি জানান বক্তারা।

মানববন্ধনে আহলে সুন্নাত ওয়াল জামা'আত সমন্বয় কমিটির কেন্দ্রীয় প্রধান সমন্বয়ক এম এ মতিন বলেন, সাধারণ ও আলিয়া শিক্ষার্থীদের মুখে কুঠারাঘাত করে একটি জঙ্গিগোষ্ঠীকে পুরস্কৃত করা হচ্ছে। এটি জাতিকে হতবাক করেছে। এই সনদ নিয়ে তারা জনগুরুত্বপূর্ণ পদগুলোতে প্রবেশ করবে। তখন দেশকে জঙ্গি রাষ্ট্রে পরিণত করবে তারা। আগামী এক সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত পরিবর্তন করা না হলে প্রধানমন্ত্রী দপ্তরে স্মারকলিপি দিয়ে দেশব্যাপী আন্দোলন শুরু করা হবে বলে জানান এম এ মতিন।

আহলে সুন্নাত ওয়াল জামা'আত সমন্বয় কমিটি চট্টগ্রাম দক্ষিণ জেলার সমন্বয়ক ও ছোবহানীয়া আলিয়ার অধ্যক্ষ মুফতি হারুনুর রশিদের সভাপতিত্বে মানববন্ধনে সংগঠনের কেন্দ্রীয় সদস্যসচিব অ্যাডভোকেট মোছাহেব উদ্দীন বখতিয়ার, বাংলাদেশ ইসলামী ফ্রন্টের চেয়ারম্যান এম এ মান্নান প্রমুখ বক্তব্য রাখেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.....
তারিখ.....
লাইব্রেরি বিভাগ
ই.এম.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর